ইরান থেকে গ্রিস যাওয়ার পথে, গলা কেটে বাংলাদেশির করুণ মৃত্যু

ডেস্ক রিপোর্ট
নিউজবিডি৭১ডটকম
ঢাকা: স্বপ্ন পূরণের আশায় ইরান থেকে নদী পথে গ্রিস যাওয়ার পথে নিহত হয়েছেন পাপ্পু রায় নামে এক বাংলাদেশি যুবক। তিনি নবীগঞ্জ উপজেলার ইনাতগঞ্জ ইউনিয়নের মধ্যসামত গ্রামের মৃত বন রায়ের ছেলে। বিষয়টি নিশ্চিত করেছেন পাপ্পু রায়ের চাচাতো ভাই রজত রায়।

সম্প্রতি ইরান থেকে নদী পথে গ্রিসে যাওয়ার উদ্দেশ্যে স্পিডবোটে উঠার সময় অসাবধানতাবশত মেশিনে পড়ে গলা কেটে তার হয়ে মৃত্যু হয়েছে বলে জানিয়েছে পাপ্পুর পরিবার।

পারিবারিক সূত্রে জানা যায়, ২ মাস আগে ভিসা নিয়ে ওমানে থাকা দুই ভাইয়ের কাছে পাড়ি জমান ইনাতগঞ্জ ইউনিয়নের মধ্যসামত গ্রামের মৃত বন রায়ের পুত্র পাপ্পু রায়। ওমান থেকে দালালের মাধ্যমে গ্রিস যাওয়ার উদ্দেশ্যে ইরানে পৌঁছান তিনি।

এদিকে, দালালদের মাধ্যমে যারা ইউরোপে ঢুকতে পেরেছেন তাদের মাথা গোজার জন্য জীবন যুদ্ধে নামতে হয়। প্রথমে তাদের বাসস্থানের জন্য পরিচিত জনদের কাছে যেতে হয়। বাসস্থানের পর কাজের জন্য মিথ্যা চেষ্টা করতে হচ্ছে। ইউরোপের যে কোনো দেশে যেমন স্পেন, ফ্রান্স ইতালি কিংবা পর্তুগালে কাজের পারমিট ছাড়া কাজ পাওয়া সম্ভব নয়।

ইরান থেকে ১০ জানুয়ারি বৃহস্পতিবার গ্রিস যাওয়ার উদ্দেশ্যে স্পিডবোটে উঠার সময় স্পিডবোটের মেশিনে পড়ে পাপ্পু রায় (২২) গলা কেটে মৃত্যু হয়। পরে ইরানের স্থানীয় পুলিশ বাপ্পুর রায়ের মরদেহ উদ্ধার করে। বর্তমানে তার মরদেহ স্থানীয় হাসপাতালের মর্গে রাখা

হয়েছে।এ খবরে পাপ্পুর পরিবারে শোকের ছায়া নেমে এসেছে।

নিউজবিডি৭১/এম কে/ জানুয়ারি ১৫, ২০১৯